

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রশাসন-২ অধিশাখা  
[www.mofl.gov.bd](http://www.mofl.gov.bd)

নং-৩৩.০০.০০০.১০৮.১১.০০৩.১৭.২৭

তারিখ : ২১ পৌষ ১৪২৪  
০৮ জানুয়ারি ২০১৮

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৬/০৮/২০১৭ তারিখের ৮০.০০.০০০.৩০১(গোপনীয়).১১.২১৮৬.১৭-  
৩০২ স্মারকের সুপারিশের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীকে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের “প্রোগ্রামার” পদে জাতীয় বেতনক্ষেত্রে,  
২০১৫ এর ৩৫৫০০-৬৭০১০/- টাকার বেতনক্রমে (৬ষ্ঠ ছেড়ে) অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্র: নং	রেজিঃ নং	নাম ও পিতার নাম	স্থায়ী ঠিকানা	পদের নাম	বেতন ক্ষেত্রে প্রদান করা যাবে
১.	০০০০৭৪	নাম-নূর মোহাম্মদ পিতার নাম-আঃ লতিফ	গ্রাম-দুগাছিয়া, ডাকঘর-দুগাছিয়া, উপজেলা-গফরগাঁও, জেলা-ময়মনসিংহ।	‘প্রোগ্রামার’	৩৫৫০০-৬৭০১০/- (৬ষ্ঠ ছেড়ে)

০২। **নিয়োগের শর্তাবলী :**

- (ক) এই পদে যোগদানের তারিখ হতে পরবর্তী ০২(দুই) বৎসর তাঁর চাকুরি শিক্ষানবিসকাল হিসেবে গণ্য হবে।
- (খ) শিক্ষানবিসকালে তাঁর আচরণ ও কার্যাবলী সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শনো ব্যতিরেকে তাঁকে চাকুরী হতে অপসারণ করা যাবে।
- (গ) এ পদের যাবতীয় প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষা ইত্যাদি (যদি থাকে) সম্পূর্ণ হওয়ার পর এবং শিক্ষানবিসকাল কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হলে তাঁর চাকুরী স্থায়ী করা হবে।
- (ঘ) চাকুরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনিশত) টাকা মূল্যের নন-জুড়িশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বড় দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না।
- (ঙ) চাকুরিতে যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র এবং নাগরিকত্ব সনদপত্র সঙ্গে আনতে হবে। মূল সনদপত্র প্রদর্শনে ব্যর্থ হলে তাঁর নিয়োগ আদেশ বাতিল করা হবে।
- (চ) যদি তিনি শিক্ষানবিসকালীন অথবা শিক্ষানবিসকাল উভৌর্ধ্ব হওয়ার তিন বছরের মধ্যে চাকুরিতে ইস্তফা দেন এবং তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্যকাজে অনুপস্থিত থাকেন তাহলে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ অনুযায়ী তাঁর বিবরণে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (ছ) The Government Servants (Conduct) Rules 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী তাঁকে সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী সম্বলিত একটি ঘোষণাপত্র চাকুরিতে যোগদানের সময় জমা দিতে হবে।
- (জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিয়ে করে থাকেন অথবা বিয়ে করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- (ঝ) কোন সরকারী বা বেসরকারী দণ্ডের কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি পত্র দাখিল করতে হবে।
- (ঝঃ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এক্রপ ক্ষেত্রে তাঁর চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি/বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি/বিধান ও আদেশ মোতাবেক/অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে।
- (ট) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দেনিক ভাতা পাবেন না।
- (ঠ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এক্রপ ক্ষেত্রে চাকুরী সংক্রান্ত সরকারের প্রচলিত বিধি/বিধান, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি/বিধান ও আদেশ দ্বারা তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে।

০৩। উপর্যুক্ত শর্তাবলী গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২৫/০১/২০১৮ তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র এবং শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রসহ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রশাসন-২ অধিশাখায় (কক্ষ নং-৫২৩, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) যোগদান করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

০৪। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

৩৪/—

(মোঃ গোলাম মোস্তফা)

উপসচিব

ফোনঃ ৯৫৭৬৬৯৬

ই-মেইলঃ [dsmofla@gmail.com](mailto:dsmofla@gmail.com)

অপর পৃষ্ঠা-০২ দ্রষ্টব্য


-০২-

নং-৩৩.০০.০০০০.১০৮.১১.০০৩.১৭.২৭

তারিখ : ২১ পৌষ ১৪২৪  
০৮ জানুয়ারি ২০১৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকর্মশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা।
- ৪। মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৫। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশন অফিস, তেজগাঁও, ঢাকা (উক্ত প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। জনাব নূর মোহাম্মদ, পিতার নাম-আঃ লতিফ, প্রাম-দুগাছিয়া, ডাকঘর-দুগাছিয়া, উপজেলা-গফরগাঁও, জেলা-ময়মনসিংহ।
- ১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ১১। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। অফিস কপি।



(মোঃ গোলাম মোস্তফা)  
উপসচিব